পূর্ণা বা সম্পূর্ণা উচ্চারিত হইলে গীত-শাস্ত্রে ঐ ঐ মূর্চ্ছনাকে কূট তান কহে। এক এক মূর্চ্ছনাতে ৫০৪০ পাঁচ হাজার চল্লিশটি করিয়া শুদ্ধ, কূট ও পূর্ণ তান আছে, অপূর্ণ তান ইহার অনেক অধিক। প্রোক্ত মূর্চ্ছনার নাম—ললিতা, মধ্যমা, চিত্রা, রোহিণী মতঙ্গজা, সৌবীরা, মধ্যমধ্যা, ষড়্জমধ্যা, পঞ্চমী, মৎসরী, মৃদুমধ্যা, শুদ্ধান্তা, কলাবতী, তীব্রা, রৌদ্রী, ব্রাহ্মী, বৈষ্ণবী, খেচরা, চরা, নাদাবতী, বিশালা (২১)। কাব্যে যেমন স্থায়ীভাব ও সঞ্চারীভাব প্রভৃতি আছে, গানের মধ্যেও তাহা আছে। কাব্যের যেমন রস আত্মা, গানেরও তদ্রূপ। সুতরাং গান কার্য্যেও স্থায়ী আদি লক্ষণ আছে। গান-ক্রিয়া বর্ণ নামে উক্ত হইয়াছে। সেই বর্ণ ৪ প্রকার নিরূপিত আছে। স্থায়ী, অবরোহী, আরোহী ও সঞ্চারী। থাকিয়া থাকিয়া এক এক স্বরের পুনঃ পুনঃপ্রয়োগ হইলে তাহাকে স্থায়ী বর্ণ কহে। আরোহী ও অবরোহী বর্ণের লক্ষণ এই যে, উহার যেমন নাম তেমনি অর্থ (অর্থাৎ কার্য্যেও আরোহী অবরোহী)। ইহা মিশ্রিত করিয়া লইলে তাহা সঞ্চারী নামে কথিত হয়। স্থায়ী বর্ণের আর একটি লক্ষণ আছে তাহা এই —যে রাগটি যাহাতে উপবেশন করে সেই স্বর স্থায়ী নামে উক্ত হয়। এতদ্ভিন্ন গীতের আরম্ভে যে স্বর স্থাপনা করা যায় তাহার নাম গ্রহস্বর। যে স্বরে যাইয়া গীতটি সমাপ্ত হয় তাহাকে ন্যাসস্বর এবং প্রয়োগ কাল মধ্যে যে যে স্বর প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়, তাহাকে অংশস্বর বলে। আবার কাব্যের ন্যায় গানেও অলঙ্কার আছে। গানের অলঙ্কার কি তাহা গীতানভিজ্ঞদিগের বোধগম্যের নিমিত্ত এস্থলে তাহার আংশিক লক্ষণ ব্যক্ত করিতেছি। বিশেষ বিশেষ বর্ণ (স্থায়ীপ্রভৃতি) সন্দর্ভের নাম অলঙ্কার। সংগীতজ্ঞ পণ্ডিতেরা বলিয়াছেন যে এক এক মূর্চ্ছনাতে ৬৩টি করিয়া অলঙ্কার আছে। অলঙ্কারের প্রস্তারের অর্থাৎ সাজান নিয়মের নিদর্শন স্বরূপ একটী উদাহরণ এই:—সঋ সঋ গ, ঋগ ঋগ ম, গম গম প, মপ মপ ধ, পধ পধ নি, ধনি ধনি সা। (এইটি

Leafed (leeft) *a.* Having leaves সপত্র; পাতাবিশিষ্ট।

Leafiness (lif-i-ness) *n.* A state of being full of leaves সপত্র অবস্থা।

Leaflard (lif-lard) *n.* Lard made of leaf পত্র হইতে উৎপন্ন তৈল।

Leaf-less (lif-less) *a.* Destitute of leaf পত্রহীন।

Leaflet (lif-let) *n.* A little leaf পত্রক; ক্ষুদ্র পত্র।

Leafy (lif-y) *a.* (*Compar.* LEAFIER, *Superl.* LEAFIEST) Full of leaf পত্রময়; পত্রে পরিপূর্ণ।

League (leeg) *n.* (Fr. *ligue*; Lat. *ligare* to bind.) An alliance or confederacy between princes or states for their mutual aid of defence সন্ধি; মৈত্রতা; a combination or union of two or more parties for the purpose of maintaining freindship, and promoting their mutual interest সমাজ, স্বার্থ বা অভিপ্রায়যুক্ত দুই বা ততোধিক ব্যক্তি বা দলের ঐক্য বা মিলন।

League (leeg) *v. i.* (*imp & p. p.* Leagued; *p. pr. & vb. n.* Leaguing.) To unite in a league or confederacy ঐক্য হওয়া; to confiderate মিলিত হওয়া।

Leaguer (leeg-er) *n.* One who unites in a league পরামর্শে ঐক্য বা মেল করিয়াছে যে।

Leak (leek) *n.* (A-S. *leaky*; D. *lek*; Icel. *leaky*; Dan. *leaky.*) The passing of water or other liquor, through a crack or aperature in a vessel পাত্রের ছিদ্র বা ফাটা, a crack or hole in a vessel পাত্রের গর্ত; রন্ধ্র; চিড়।

Leak (leek) *v. i.* (*imp & p. p.* Leaked; Leekt; *p. pr. & vb. n.* Leaking.) To let water or other liquor into or out a vessel, through a hole কোন ছিদ্র বা রন্ধ্রদ্বারা জলের গমনাগমন হওয়া।

চন্দ্রকর্ত্তৃক পথরোধ হওয়ায় তারকার কণ্ঠ ওষ্ঠ এবং তালুকা শুষ্ক হইল এবং ক্রোধে নয়ন পদ্মকে রক্তবর্ণ করিয়া নির্ভয়ে বলিতে লাগিলেন, "রে পরস্ত্রী-লম্পট, শঠ, তোকে ধিক্, তুই নিন্দনীয় এবং তোকে তৃণ-সদৃশ হীন বিবেচনা করি। অত্রির দুর্ভাগ্যক্রমে তোর মত কুলাঙ্গার পুত্র জন্মিয়াছে; তোর জীবন ব্যর্থ। অরে, মুর্খ, তুই রাজসূয় যজ্ঞ করিয়া আপনাকে বলবান্ বিবেচনা করিতেছিস্। অদ্য তোর বিপ্রপত্নীর প্রতি মন আকৃষ্ট হওয়ায় সেই পুণ্য তোর ব্যর্থ হইল। যাহার চিত্ত পরস্ত্রীর প্রতি সংসক্ত হয়, সে সকল কর্ম্মেই অশুচি এবং কর্ম্মের ফল লাভ করে না ও ত্রিভুবনে নিন্দার ভাজন হয়। তোর দ্বারা যদি আমার অমূল্য সতীত্বধন বিনষ্ট হয়, তাহা হইলে যক্ষ্মারোগ গ্রস্ত হইবে। বেদে বর্ণিত আছে, অত্যুন্নত ব্যক্তিও নিপতিত হয়। দুষ্টগণের দর্পহন্তা শ্রীকৃষ্ণ তোর দর্প হনন করিবেন। বৎস, আমি তোমার মাতৃসদৃশী আমার প্রতি অত্যাচার পরিত্যাগ কর। তোমার মঙ্গল হইবে।" পতিব্রতা তারকা এই

দ্বিতীয়টী স [illegible] গ ম, প ধ, নি, ধ নি স। এইরূপ স্বর প্রস্তারের নাম অলঙ্কার। কলাবতেরা ইহা অত্যাধিক ব্যবহার করিয়া থাকেন। অলঙ্কারের অত্যাধিক ব্যবহারে কি মনুষ্য কি কাব্য, কি সঙ্গীত কাহারও শোভা থাকে না। স্বরবিজ্ঞানের বিষয় অত্যাধিক বিস্তার না করিয়া এই স্থানেই শেষ করিলাম এতদ্দ্বারা অনুভূত হইবে যে, এক মাত্র ধ্বনি অবলম্বন করিয়া পূর্ব্বাচার্য্যেরা কতদূর পর্য্যন্ত মনশ্চালনা করিয়াছেন।

"শরীরসংস্থান ও শরীর পদাথ সকল বলা হইয়াছে। তন্মধ্যে আত্মা একটী স্বতন্ত্র পদার্থ। সেই আত্মার ইচ্ছানামক এক গুণ আছে, যে গুণের উদ্ভব হইলে মনুষ্যের চেষ্টা জন্মে। আত্মার তাদৃশ ইচ্ছা যখন কিছু বলিবার নিমিত্ত উদ্ভব হয়, তখন সেই ইচ্ছা প্রথমতঃ মনকে সঞ্চালিত করে, (মনের চেষ্টা হয়), মন দেহস্থ তেজকে সঞ্চালিত করে, তেজ দৈহিক বায়ুকে প্রেরণ করে। সুতরাং নাভিস্থানের আকাশে অর্থাৎ অবকাশময়স্থানে প্রাণবায়ু ও জঠরাগ্নির সংঘর্ষ উপস্থিত হইল তত্রত্য নাড়ীকলাপ কম্পিত হইয়া এক অনির্ব্বচনীয় প্রকার শব্দের উৎপত্তি করে। সেই উৎপন্ন শব্দটিকেই নাদ বলে। এই নাদ কতকগুলি সূক্ষ্ম ধ্বনির সমষ্টিমাত্র। এতাদৃশ নাদের অবয়বীভূত ধ্বনি-সূক্ষ্মাংশের নাম শ্রুতি। শ্রুতি ২২ টির অতিরিক্ত নহে। সা, ঋ, গ, ম, প, ধ, নি, এই সপ্ত স্বরের উৎপত্তি ও পরিমাণকাল প্রভৃতির জ্ঞান জন্মানই শ্রুতিজ্ঞানের ফল, অর্থাৎ কার্য্য। শ্রুতি ৭টি স্বরের উপাদান কারণ। শ্রুতিগুলি শরীরের স্থানবিশেষ হইতে উৎপন্ন হয়। সেই স্থান ৩টি হৃদয়, কণ্ঠ, তালু। ২২টি শ্রুতি স্থানত্রয়ে উত্তরোত্তর ক্রমে দ্বিগুণিত ভাবাপন্ন; অর্থাৎ প্রথম শ্রুতি যে পরিমাণে উচ্চ, ত্রয়োবিংশতি শ্রুতি অর্থাৎ পরস্থানস্থ প্রথম শ্রুতি তদপেক্ষা দ্বিগুণ হৃদয়, মূর্দ্ধা ও নাভিসংলগ্ন প্রধানতঃ ২২টি নাড়ী আছে। ঐ নাড়ীগুলি তির্য্যক্‌দিকে তথা ঊর্দ্ধভাবেও আছে। এই নাড়ীগুলিই দেহযন্ত্রের তারস্বরূপ, দৈহিক বায়ুর আঘাত লাগিবামাত্র ঐ

Leak (leek) *a.* **Leaky** ফাটা; ভাঙ্গা।

Leakage (leek-age) *n.* (*Com.*) An allowance of a certain rate per-cent for the leaking of a cask, or the waste of liquor by leaking জলীয় দ্রব্যের ক্ষতি বা যে কমতি হয় তাহা ধরিয়া দেওন, leaking জাহাজ বা নৌকাব জল পড়া অবস্থা।

Leakiness (leek-i-ness) *n.* The state of being leaky ঐ প্রকার জল পড়া অবস্থা।

Leaky (leek-y) *a.* (*Compar.* LEAKIER; *Superl.* LEAKIEST.) Admitting water or other liquor to leak in or out ভগ্ন; ছিদ্র; not close, apt to disclose secret সাদা; খোলা; যাহার পেটে কথা থাকে না।

Leam (leem) *n.* (Fr. *lien*; It. *legame.*) A string to lead a dog কুকুর বাঁধা দড়ি।

Leamer (leem-er) *n.* (Fr. *limier.*) A dog held by a leam শৃঙ্খলবদ্ধ কুকুর।

Lean (leen) *v. i.* (*imp & p. p.* Leaned; *p. pr. & vb. n.* Leaning. A-S. *linian*; O. H. Ger. *linen*; Dan. *lane.*) To depend for support, comfort and the like আশ্রয় লওয়া; to bend; to be in bending posture হেলান দেওয়া; ঠেস দেওয়া; to incline in opinion or inclination মতে মত দেওয়া; to deviate or move from a perpendicular position or line হেলিয়া যাওয়া; ঝুঁকিয়া পড়া।

Lean (leen) *v. t.* To cause to lean; to incline বাঁকা; to conceal গোপন করা।

Lean (leen) *a.* (*Compar.* LEANER. *Superl.* LEANEST Lat. *lenis* soft, mild.) Deficient in good qualities; not rich, fertile or productive বুদ্ধিহীন অরস বা অনুর্ব্বরা; low; poor গরিব অপ্রধান; want-

প্রকার বাক্য বলিয়া বারংবার রোদন করিতে লাগিলেন। এবং ধর্ম্ম, সূর্য্য, বায়ু, অগ্নি, ব্রহ্মা, পরমাত্মা, শ্রীকৃষ্ণ, আকাশ, পৃথিবী, দিনরাত্রি, সন্ধ্যা এবং দেবগণকে সাক্ষী রূপে নিশ্চয় করিলেন। চন্দ্র তারকার বাক্য শ্রবণ করত ভীত হইলেন না; বরং ক্রুদ্ধ হইয়া তাঁহার হস্তধারণপূর্ব্বক রথে সংস্থাপন করিলেন এবং মনের ন্যায় বেগবান্ মনোহর রথকে মনোবেগে চালন করত মনোহারিণী তারকার সহিত গমন করিতে লাগিলেন। সোমদেব তাঁহার সহিত কখন স্যন্দনোপরি, কখন নন্দনবনে, কখন বা পুষ্পভদ্রক বনে, কখন পুষ্কর তীর্থে, কখন নদীতীরে, কখন পুষ্পিত পুষ্পকাননে, কখন পুষ্প এবং চন্দন বায়ুদ্বারা সুগন্ধ শয্যায়, কখন সুস্নিগ্ধ চন্দনচর্চ্চিত নির্জ্জন মলয় দ্রোণিতে, কখন পর্ব্বতে পর্ব্বতে কখন নদীতে নদীতে বিহার করিয়া শতবৎসর আনন্দে মুহূর্ত্তকালের ন্যায় গণনা করিলেন। অনন্তর বহুকালের পর নিশাকরের নিজের অবস্থার প্রতি দৃষ্টি পড়ায় চৈতন্য হইল। দেবগণ তাঁহার এরূপ

সকল নাড়ী কম্পিত হয়, তাহাকেই শ্রুতির উৎপত্তি হয়, তাহাই ক্রমে স্থূলতা-রূপে পরিণত হইয়া স্বররূপে প্রকাশ পায়। উদরকন্দর ও নাড়ীপথ প্রভৃতি যে অবকাশময় স্থান শরীরাভ্যন্তরে আছে, আর পিত্তনামক তৈজস পদার্থ শরীরে আছে, এবং শ্বাস প্রশ্বাসাদি ব্যাপার যদ্দ্বারা সম্পন্ন হইতেছে; সেই বায়ু আর ঐ পদার্থত্রয়ের বলেই প্রথমতঃ নাদ (সূক্ষ্ম অবিকৃতধ্বনি) জন্মে। পশ্চাৎ সেই নাদ ক্রমশঃ নাভির ঊর্দ্ধে সঞ্চালিত হইয়া ক্রমে হৃদয়, কণ্ঠ, মুখ ও গলগহ্বর দিয়া বহির্গত হয়, তখন তাহা দন্ত, ওষ্ঠ, তালু অর্থাৎ ক্ষুদ্র জিহ্বা ও জিহ্বার সাহায্যে নানাপ্রকার বিস্পষ্ট আকারে প্রকাশ পায়। স্বর বর্ণ ও মূর্চ্ছনাদি-ভূষিত করিয়া যে ধ্বনিবিশেষ উচ্চারিত হয়, সেই ধ্বনিবিশেষ জনসাধারণের চিত্তরঞ্জন করে বলিয়া তাহার নাম রাগ।

যোহয়ং ধ্বনি বিশেষস্তু স্বরবর্ণবিভূষিতঃ।
রঞ্জকা জনচিত্তানাং সরাগঃ কথিতো বুধৈঃ॥

এই রাগের অঙ্গ অর্থাৎ কতকগুলি প্রতি-পোষক ক্রিয়া ও বস্তু আছে, তাহা রাগাঙ্গ নামে বিখ্যাত। রাগাঙ্গের ন্যায় ভাষাঙ্গ, ক্রিয়াঙ্গ ও উপাঙ্গ নামে আরও কতকগুলি বিষয় আছে, যাহা রাগের ছায়ানুযায়ী তাহা রাগাঙ্গ ও যাহা ভাষার ছায়ার আশ্রিত, তাহা ভাষাঙ্গ নামে কথিত হয়। করুণ ও উৎসাহাদি রসগুলি যে ক্রিয়াতে সংযুক্ত থাকে তাহাই ক্রিয়াঙ্গ। কিঞ্চিৎ অর্থাৎ কোন অংশে ছায়া লাগিলে তাহা উপাঙ্গ। এতদ্ভিন্ন কাণ্ডারণানামক আর একটি গীতাঙ্গ আছে, তাহার লক্ষণ তারস্থানে শীঘ্রতা, নানাবিধ গমকযুক্ততা, সুকৌশলে স্থাপিতা হইলে তাহাকে কাণ্ডারণা বলা যায়। মতঙ্গমতে রাগ ৩ প্রকার— শুদ্ধ, ছায়ালগ বা সালগ এবং সঙ্কীর্ণ। কল্লিনাথ ইহার ব্যাখ্যা করিয়াছেন যে, শাস্ত্রোক্ত নিয়মে উচ্চারিত স্বর রক্তি-জনক হয়, এজন্য তাহা শুদ্ধ রাগ। অন্যের ছায়াগামী হইয়াও রক্তি জন্মায় সুতরাং তাহা ছায়ালগ রাগ। উভয়ের প্রাধান্যেও আনুরক্তি জন্মায় সুতরাং তাহা সঙ্কীর্ণ রাগ। ইহা ওড়ব, ষাড়ব ও সম্পূর্ণ এই ত্রিবিধ শ্রেণীতে বিভক্ত। ৫ স্বরের রাগ

ing flesh; meager; not fat. ক্ষীণ; অমাংসল; কাহিল।

SYN.—Gaunt; lank; meager; skiny; slender; spare; thin.

Lean (leen) *n.* That part of flesh which consists of muscle without the fat মেদশূন্য মাংসপেশী।

Leanly (leen-ly) *ad.* Meagerly without fat or plumpness ক্ষীণতা-পূর্ব্বক; দুর্ব্বলরূপে।

Leanness (lean-ness) *n.* Lack of fat or plumpness, meagerness hence poverty মাংসহীনত্ব; দারিদ্র্য; the condition of being lean কৃশতা; ক্ষীণত্ব।

Lean-witted (leen-wit-ted) *a.* Having but little sense or shrewdness বুদ্ধিহীন; বোকা।

Leap (leep) *v. i.* (*imp & p.p.* Leaped (leept) rarely Leapt; *p. pr. & vb. n.* Leaping; Dan. *lolee*; D. *loopen*. N. H. Ger. *laufen* to run.) To spring or move suddenly হঠাৎ লম্ফ দেওয়া; to manifest joy or vivacity আহ্লাদে উল্লসিত হওয়া; to spring or rise from ground; to jump; to vault লম্ফ ঝম্প করা; লাফান।

Leap (leep) *v. t.* To pass over by leaping উল্লম্ফন করা; to spring or bound from one side to the other টপকাইয়া যাওয়া; to copulate with পশুর শৃঙ্গার করা।

Leap (leep) *n.* A jump; a spring the act of leaping লম্ফ, লাফানি; the space passed by leaping লম্ফের পরিমাণ; a hazardous act কষ্ট বা বিপদজনক কার্য্য; copulation with পশুর শৃঙ্গার; ঝম্প; a basket ঝুড়ি; আধারবিশেষ; a wicker net in which fish are taken মৎস্যের ঘোড়া।

Leaper (leep er) *n.* One that leaps লাফ দেয় যে।

Leap-frog (leep-frog) *n.* A play

অত্যাচারের ... দিবেন, যথেষ্ট নিগ্রহাদি করিবেন, আশঙ্কা করিলেন। তখন তিনি ভীত হইয়া দৈত্যগণের এবং বলবান্ দৈত্যগণের গুরু মহা-তেজা শুক্রের শরণাপন্ন হইলেন। দৈত্যগুরু শুক্র, বিপক্ষ সুরগুরু বৃহস্পতির প্রতি উপহাস করত সোমকে অভয় বর প্রদান করি-লেন। দিতিপুত্রগণ আনন্দে সভামধ্যে হাস্য করত কলঙ্কী এবং ভীত সোমকে অভয় প্রদান করিল।

পতিব্রতা তারার পাতিব্রত্য নাশহেতু উৎপন্ন পাপসমূহ নিষ্কলঙ্কী সোমমণ্ডলে মলময় শশরূপী কলঙ্ক হইল। বেদ-বিদ্বর শুক্র অতিশয় ভীত সোমকে হিত সত্য বেদবিহিত পরিণাম-সুখজনক বহুবিধ বাক্য বলিতে লাগিলেন; বাক্যের উপসংহারকালে বলিলেন, "কি আশ্চর্য্য! তুমি ভগবান অত্রির পুত্র এবং ব্রহ্মার পৌত্র হইয়া। বৎস! তুমি নীচের ন্যায় এতাদৃশ নীতিবিরুদ্ধ কর্ম্ম করিয়া অযশস্কর হইয়াছ। রাজসূয় যজ্ঞের ফলস্বরূপ নির্ম্মল কীর্ত্তিমণ্ডল বিশিষ্ট সুধারাশিতে সুরাবিন্দু সদৃশ কলঙ্ক উপার্জ্জন করিলে। দেবগুরু ধর্ম্মিষ্ঠ-শ্রেষ্ঠ দ্বিজবর

স্বরের রাগ ষাড়ব; ৭ স্বরের রাগ সম্পূর্ণ। সুতরাং ৫ স্বরের ন্যূনে রাগ হয় না।

ঔড়বঃ পঞ্চভিঃ প্রোক্তঃ স্বরৈঃ ষড্‌ভিশ্চ ষাড়বঃ সম্পূর্ণঃ সপ্তভির্জ্ঞেয় এবং রাগাস্ত্রিধামতাঃ॥

মতবিশেষে সাধারণতঃ ২০টি রাগ প্রধান বা আদিম। শ্রী, নট্ট, বঙ্গাল, ভাব, মধ্যম, ষাড়ব, রক্তহংস, কোল্লাস, প্রভব, ভৈরব, মেঘ, সোম, কামোদ, আম্র, পঞ্চম, কন্দর্প, দেশ, ককুভ, কৌশিক, নট্টনারায়ণ। প্রাচীনমতে প্রধান ছয় রাগ। (১) শ্রীরাগ (২) বসন্ত (৩) ভৈরব (৪) পঞ্চম (৫) মেঘরাগ (৬) বৃহন্নট এই কএকটী রাগ পুরুষজাতীয় বলিয়া বর্ণিত আছে।

রাগিণী অর্থাৎ রাগভার্য্যা। রাগের অনুগত, স্ত্রীভাবান্বিত ও স্ত্রীজাতির ন্যায় কোমলা বলিয়াই রাগভার্য্যা বা রাগিণী নাম দেওয়া হইয়াছে। তদ্ভিন্ন রাগ নামক কোন প্রাণী নাই সুতরাং তাহার পত্নীও নাই। মালশ্রী, ত্রিবেণী বা ত্রিবণী, গৌরী, কেদারী, মধুমাধবী, ও পাহাড়িকা—ইহারা শ্রীরাগের ভার্য্যা।

"মালশ্রী ত্রিবণী গৌরী কেদারী মধুমাধবী।
ততঃ পাহাড়িকা জ্ঞেয়া শ্রীরাগস্য বরাঙ্গনা॥"

দেশী, দেবগিরী, বরাটী, তোড়ী, ললিতা, ও হিন্দোলী—ইহারা বসন্তরাগের ভার্য্যা।

"দেশ দেবগিরী চৈব বরাটী তোড়িকা তথা।
ললিতা চাথ হিন্দোলা বসন্তস্য বরাঙ্গনাঃ॥"

ভৈরবী, গুর্জ্জরী, রামকিরী, গুণকিরী, বাঙ্গালী, ও সৈন্ধবী—ইহারা ভৈরব রাগের স্ত্রী।

ভৈরবী গুর্জ্জরী রামকিরী গুণকিরী তথা।
বাঙ্গালী সৈন্ধবী চৈব ভৈরবস্য বরাঙ্গনা॥

বিভাষী, ভূপালী, কর্ণাটী, বড়হংসিকা (বড়ারী), ভালবী (বা মালবী) ও পটমঞ্জরী,—ইহারা পঞ্চম রাগের স্ত্রী।

"বিভাষী চাথ ভূপালী কর্ণাটী বড়হংসিকা।
ভালবী (বা মালবী) পটমঞ্জর্য্যা সহৈতাঃ পঞ্চমাঙ্গনাঃ॥"

মল্লারী, সৌরঠী, সাবেরী, কৌশিকী, গান্ধারী, ও হরশৃঙ্গারী—ইহারা মেঘের ভার্য্যা।

"মল্লারী সৌরঠী চৈব সাবেরী কৌশকীতথা।

among boys, in which one stoops down, and another leaps over him by placing his hand on the shoulders of the formen বালকদিগের ক্রীড়াবিশেষ।

Leap-weel (leep-weel) *n.* A fishing leap or basket মৎস্য রাখা ঝুড়ি।

Leapyear (leep-year) *n.* Bessextile; a year containing 366 days, every fourth year, which leaps over a day more than a common year; giving to February 29 days অধিবৎসর; প্রতি চতুর্থ বৎসর; ৩৬৬ দিনে যে বৎসর পূর্ণ হয় বা যে বৎসর ফেব্রুয়ারী মাস ২৯দিনে পূর্ণ হয়।

Lear (leer) *a.* Empty; hollow শূন্য; ফাঁকা।

Learn (lern) *v. t.* (*imp & p. p.* Learned; Learnt; *p. pr. & vb. n.* Learning, A-S. *leornian*; O. Eng. *lerne*; N. H. Ger. *lernen*, Dan. *lare*; Sw. *lara* to teach and to learn.) To teach, to communicate knowledge to উপদেশ করা, শিক্ষা করা, জ্ঞাপন করা; to acquire new knowledge, to gain knowledge শিক্ষা করা; জ্ঞান উপার্জ্জন করা।

Syn.—To infrom, to instruct, to teach.

Learn (lern) *v. i.* (*a. learnable*; learned; *ad.* Learnedly.) To receive intelligence or information সংবাদ লওয়া বা পাওয়া; to acquire skill in any thing নৈপুণ্য লাভ করা; to gain or receive knowledge উপদেশ বা শিক্ষালাভ করা।

Learned (lern-ed) *a.* Knowing; skillful শিক্ষিত; বিজ্ঞ; versed in literature or science বিদ্বান; পণ্ডিত; containing or exhibiting learning পাণ্ডিত্যাভিমানী।

Learning (lern-ing) *n.* (*n.* Learner; Learnedness.) Acquired

বৃহস্পতির সাধ্বী পত্নী তোমার মাতৃ-সদৃশী ইহাকে পরিত্যাগ কর; শম্ভু এবং দেবগণের আমার গুরুপুত্র, ব্রাহ্মণোত্তম অঙ্গিরাপুত্র বৃহস্পতি নিরন্তর ব্রহ্মণ্যতেজে জাজ্বল্যমান সদ্বংশপ্রসূত সাধুগণ গুণবান শত্রুরও গুণকীর্ত্তন এবং দোষী গুরুরও দোষ বর্ণন করিয়া থাকেন, যেহেতু তাঁহাদের স্বভাবই এই প্রকার। সুরগুরু বৃহস্পতি সদৃশ অন্য কেহ আমার বিশ্বমণ্ডলে শত্রু নাই। হে চন্দ্র! তথাপি ধর্ম্মত স্বরূপ-আখ্যানে তাঁহার গুণ নিচয় বর্ণন করিলাম। যে স্থানে ধার্ম্মিক ব্যক্তিরা বাস করেন, সেই স্থানেই সনাতন ধর্ম্মের অধিষ্ঠান। যে স্থানে ধর্ম্ম সেই স্থানেই কৃষ্ণ, যে স্থানে কৃষ্ণ সেই স্থানেই জয়। গো একটী ব্যাঘ্র পাঁচটী এবং সিংহ সাতটী শাবক প্রসব করে। কিন্তু সিংহ সকলে শীঘ্রই নষ্ট হয়। ধার্ম্মিক গোশাবক ধর্ম্মকর্তৃক রক্ষিত হয়। দেবগুরু এবং বিপ্রাদি যদিও সামর্থ্যহেতু সকলকে রক্ষা করিতে সক্ষম হন, তথাপি ধর্ম্মনাশক মহাপাপীকে সেচ্ছাক্রমে রক্ষা করেন না। দেব এবং ব্রাহ্মণগণ

ারী হরশৃঙ্গারী মেঘরাগস্য যোষিতঃ ॥"

কামোদী, কল্যাণী, আভিরী, নাটিকা, ৱেলী,নট্টহম্বীরী,—ইহারা নট্টনারায়ণের ী।

মালা চৈব কল্যাণী আভীরী নাটিকাতথা
ী নট্টহম্বীরা নট্টনারায়ণাঙ্গনা ॥"

সকল মতেই শ্রীরাগ প্রথম। ইহ সম্পূর্ণ রাগ। ইহার লক্ষণ এই যে,

সত্ৱরে বিভূষিত প্রথম (ষড়জ) গ্রামের মূর্চ্ছনা। কেহ বলেন ইহা রি-ত্রয়যুক্ত। উদাহরণ—স ঋ গ ম প ধ নি স।

রাগঃ স চ বিজ্ঞেয়ঃ স ত্ৱরেণ বিভূষিতঃ।
ঃ সর্ব্বগুণোপেতো মূর্চ্ছনা প্রথমা মতা।
চন্তি কথয়ন্তো নং ঋষভত্রয় সংযুতম্ ॥"

রাগগুলির উদাহরণস্থলে এক একটি মূর্ত্তি কল্পনা আছে, তাহা এ প্রস্তাবে উল্লেখ করিব না কাল্পনিক ভাব উল্লেখ করিবার কোন প্রয়োজন নাই। তথাপি পরিদর্শনের নিমিত্ত একটী মাত্র। উল্লেখ করিতেছি।

"লীলাবিহারেণ বনান্তরালে
চিন্বন্ প্রসূনানি বধূসহায়ঃ।
বিলাসবেশো ধৃতদিব্যমূর্ত্তিঃ
শ্রীরাগ এষঃ কথিতঃ কবীন্দ্রৈঃ ॥"

উদ্যানের মধ্যে, হাব ভাব বিলাসের সহিত বধূসমভিব্যাহারে পুষ্পচয়ন করিতেছেন। কবিরা বলেন, এই শ্রীরাগের মূর্ত্তি স্বর্গীয় ও বিলাসোপযোগী বেশ-ভূষায় পরিচ্ছন্ন।

এক্ষণে রাগ রাগিণীর এরূপ বৃথা বেশ ভূষার বর্ণনা না করিয়া, যাহা যথার্থ স্বরূপ অর্থাৎ যে যে রাগে বা যে যে রাগিণীতে যে যে স্বর আছে, কোনটী ঔড়ব কোনটী খাড়ব কোনটীই বা সম্পূর্ণ তাহাই সংক্ষেপে ব্যক্ত করিতেছি।

মালব শ্রী—

"মালব শ্রীশ্চ রাগজাপূর্ণা সত্রয় ভূষিতা।
মূর্চ্ছনোত্তর মন্দ্রাস্যা শৃঙ্গার রসমণ্ডিতা ॥"

উদাহরণং—সরি গ ম প ধ নি স।

ত্রিবণী—ঋ ও প বর্জ্জিত। ওড়ব রাগ। উদাহরণ—ধ নি স গ ম ধ। ধৈবতে আরম্ভ ও ধৈবতে সমাপ্তি। যথা—

"ত্রিবণী সাচ বিজ্ঞেয়া গ্রহাংশ ন্যাসধৈবতা।
ঔড়বা সাচ বিজ্ঞেয়া রিপহীনা প্রকীর্ত্তিতা ॥

গৌরী—ওড়ব, ঋ প বর্জ্জিত, আরম্ভ ও

knowledge or idea in any branch or science কোন শাস্ত্র, বিজ্ঞানাদিতে জ্ঞান; শাস্ত্রজ্ঞান; ভাষার সংস্কার; knowledge received by instruction or study অধ্যয়ন বা উপদেশলব্ধ বিদ্যা; skill in anything good or bad কৃতিত্ব; ব্যুৎপত্তি।

SYN.—Erudition; letters; literature; lore; science; scholarship.

Lease (lea-se) *n* (Norm. Fr. *lees*, *lez*; O. Fr. *lais.*) Any tenure by grant or permission জমির পাট্টা, any demise or letting of land or tenements to another, for a term of years, or at will or for any less interest than the lessor has, in the property, for a rent or compensation reserved এওবার; নিরূপিত কালের নিমিত্ত ভূমি বা বাটীর ইজারা; সনন্দবিশেষ; পাট্টা; a pasture পশু চরিবার জমি; চারণ-ভূমি।

Lease (lea se) *v. t.* (*imp & p. p.* Leased (leest); *p. pr. & vb. n.* Leasing. Fr. *laissor.* Lat. *laxare* to loose, slacken; *v. i.* Lease.) To let; to demise; to grant the temporary possession of lands, tenements, or hereditaments to another for a rent reserved নিরূপিত কালের জন্য জমি বা বাটি ইজারা বিলি করা; পাট্টা দেওয়া।

Lease-hold (lease-hold) *a.* Hold by a lease ইজারার গৃহীত বা প্রাপ্ত।

Lease-holder (lease-hold-er) *n.* A tenant under a lease ইজারা বা মেয়াদপ্রাপ্ত প্রজা; মেয়াদী প্রজা।

Leaser (leas-er) *n.* One who leases or gleans খুঁটিয়া বা কুড়াইয়া সংগ্রহ করে যে।

Leash (leesh) *n.* (Fr. *laisse*; Lat. *laxa, laxus.*) A thong of leather or long tene, by which a falconer holds his hawk, or a

কুলটা বিপ্রপত্নীতে গমন করিলে, ষোড়শ অংশ ব্রহ্মহত্যা পাপের এক অংশের ভাজন হয়। কিন্তু স্বয়ং উপস্থিতা কুলটা ব্রাহ্মণীতে গমন করিলে, উক্ত এক অংশ পাপের চতুর্থ অংশের এক অংশী হয়। উপ-স্থিতা রমণেচ্ছু কুলটার ত্যাগে ধর্ম্ম, কিন্তু অণুমাত্র পাপ নাই, কমলযোনি এই প্রকার বলিয়া-ছেন। বেদ বলিয়াছেন, পতিব্রতা বিপ্রপত্নীগণের উপর বলপ্রয়োগপূর্ব্বক পাতিব্রতা-হরণে শত ব্রাহ্মণবধের পাপ উৎপন্ন হয়। হে মহাভাগ! সম্প্রতি ধর্ম্ম আচরণপূর্ব্বক তারাকে ত্যাগ কর। পাপঅনু-ষ্ঠানানন্তর অনুতাপপূর্ব্বক উক্ত পাপ হইতে নিবৃত্ত হইলে মহা ফল জন্মে। আমার শরণাগত এবং ভীত দেবরূপী তোমার পাপকে ধর্ম্মবিহিত উপায়দ্বারা দূরীভূত করিব। যে ব্যক্তি ধার্ম্মিক হইয়াও শস্ত্রহীন, ভীত, দীন এবং শরণাগত জীবকে রক্ষা না করে, সে এক যুগ পরিমিত কাল কুম্ভীপাকে নিবাস করে যে ব্যক্তি উক্ত জীবগণকে রক্ষা কর, সে শতরাজসূয় যজ্ঞে ফল লাভ করে এবং ধর্ম্মবলে ইহলোকে পরমৈশ্বর্য্য সম্

সমাপ্তি স্বর ষড়্জে। উদাহরণ—স গ ম ধ নি স। যথা—

ষড়্জগ্রহাংশকন্যাসা রিপহীনা তু ঔড়বা।
মূর্চ্ছনা প্রথমা জ্ঞেয়া গৌরী সা কথিতাবুধৈঃ॥

কেদারী—ওড়ব, রিধবর্জ্জিত, তিন নি যুক্ত, মার্গী মূর্চ্ছনা, আরম্ভ ও সমাপ্তি স্বর স উদাহরণ—(স গ ম প নি স) প্রমাণ—

কেদারী নিধহীনাস্যাদৌড়বা পরিকীর্ত্তিতা।
নিত্রয়ামূর্চ্ছনাগামী কাকলিস্বরমণ্ডিতা॥"

মধুমাধবী—ওড়ব, গ ধ হীন, প্রথম মূর্চ্ছনা, আরম্ভ ও সমাপ্তি স্বর স। প্রমাণ—

ষড়্জাংশক গ্রহন্যাসা গধহীনা মধুমাধবী।
প্রথম মূর্চ্ছনা জ্ঞেয়া ঔড়বা পরিকীর্ত্তিতা॥

পাহাড়ী—ওড়ব, রাগ রি প বর্জ্জিত, (তৈলঙ্গ দেশের) আরম্ভ ও সমাপ্ত স্বর উদাহরণ—(স গ ম ধ নি স) প্রমাণ—

ষড়্জত্রয়া পাহাড়ী স্যাৎ রিপহীনাচ কীর্ত্তিতা।
যা তৈলঙ্গদেশীয়া আলাপে ঔড়বা মতা॥

বসন্ত—ষড়্জ ও মধ্যম হইতেই ইহার উত্থান সুতরাং ষড়্জ স্বরই ইহার গ্রহ, ন্যাস ও অংশ। এই সম্পূর্ণ রাগটি বসন্তকালে গেয়। প্রমাণ—

ষড়্জাদ্মধ্যমিকাজ্জাতা ষড়্জন্যাস গ্রহাংশকঃ।
গেয়ো বসন্তরাগোহয়ং বসন্তসময়ে বুধৈঃ॥

তোড়ী—সম্পূর্ণ রাগ, মধ্যমে আরম্ভ মধ্যমেই সমাপ্তি, মতান্তরে আরম্ভ ও সমাপ্তি স্বর স। সৌবীরী মূর্চ্ছনা। উদাহরণ—(ম প ধ নি স রি গ ম। কিম্বা স রি গ ম প ধ নি স) প্রমাণ—

মধ্যমাংশ গ্রহন্যাসা সৌবেরী মূর্চ্ছনা মতা।
সম্পূর্ণা কথিতা তজ্জ্ঞৈস্তোড়ী শ্রীকৌশিকে মতা।
গ্রহাংশন্যাস ষড়্জা চ কৈশ্চিদত্র প্রচক্ষতে॥

ললিতা—ওড়ব, কোনমতে সম্পূর্ণ রাগ রি প বর্জ্জিত, শুদ্ধমধ্যা মূর্চ্ছনা, আরম্ভ সমাপ্তি স্বর স। উদাহরণ—(স গ ম ধ নি স) প্রমাণ—

রিপহীনাচ ললিতা ঔড়বা সত্রয়া মতা।
মূর্চ্ছনা শুদ্ধমধ্যা স্যাৎ সম্পূর্ণাং কেচিদূচিরে॥

হিন্দোলী—ওড়ব, রিধ বর্জ্জিত, ৩ স, যুক্ত, শুদ্ধমধ্যমূর্চ্ছনা, আরম্ভ সমাস্বর স। (স গ ম প নি স স) প্রমাণ—

হিন্দোলিকা রিধত্যক্তা স.ত্রয়া গদিতা বুধৈঃ।
মূর্চ্ছনা শুদ্ধমাধ্যাচ ঔড়বা কাকলিযুতা।

courser his dog চামড়ার তসমা বদ্ধারা শিকারীরা বাজপক্ষী বাঁধিয়া রাখে; চামড়ার ডুরিয়া; a band where with to tie any thing চামড়ার দড়ি।

Leash (leesh) *v. t.* (*imp & p. p.* Leashed (leesht); *p. pr. & vb. n.* Leashing.) To hold by a string; to bind দড়ীদ্বারা আটক বা বন্ধন করা।

Least (leest) *a.* (A S. *last, lassest*, superl. *lassa.*) Of smallest worth or importance; most insignificant, smallest অতি ক্ষুদ্র বা ছোট; সকল অপেক্ষা ক্ষুদ্র; ক্ষুদ্রতম।

SYN.—However; nevertheless; yet.

Least (leest) *ad.* In the smallest or lowest degree; in a degree below all other ক্ষুদ্রতম বা যৎসামান্যরূপে।

Leather (leth-er) *n.* (O. Eng. *lether*. A S. *ledher*. L. Ger. *ledder*. D. *leder*; N. H. Ger. *leder*.) Undressed skin;—hence skin in general অপরিষ্কৃত চামড়া; the skin of an animal dressed and prepared for use পরিষ্কৃত বা ছোলা চর্ম্ম; dressed hide collectively চর্ম্মসকল।

Leather (leth-er) *v. i.* (*imp & p. p.* Leathered; *p. pr. & vb. n.* Leathering.) To beat with a leather চামড়া দিয়া মারা।

Leather-coat (leth-er-coat) *n.* A apple with a tough coat or rind ফলবিশেষ।

Leather-dresser (leth-er-dress-er) *n.* One who dresses leather চর্ম্মকার; চামার।

Leathern (leth-ern) *a.* Made of leather চর্ম্মনির্ম্মিত।

Leatherwood (leth-er-wood) *n.* (*Bot.*) A small branching shrub with a white soft wood and a

হয়।" দৈত্যগুরু এইরূপ বা বলিয়া স্বর্গীয় মন্দাকিনীতে উপনীত হইয়া স্বয়ং স্নান ক চন্দ্রকে স্নান করাইয়া বিষ্ণুপূ করিলেন। পবিত্র বিষ্ণুপাদে দক শুভকর বিষ্ণুনৈবেদ্য এ পুণ্যজনক গঙ্গাজল চন্দ্রা ভোজন এবং পান করাইলেন

ভৃগুতনয় শুক্রাচার্য্য পা কর্ম্মে লজ্জিত ও ভীত চন্দ্রে ক্রোড়ে করিয়া ঈষৎ হাস্যপূর্ব্ব কহিলেন, "যদি আজ আমা তপঃফল সত্য, হরিপূজাফল সত্য, ব্রতফল সত্য, তীর্থস্নানফল সত্য, দানফল ও উপবাসফল সত্য হয়; তবে তুমি পাপ হইতে মুক্ত হও। ত্রিসন্ধ্যাবর্জ্জিত, হরিসেবাবিহীন, সেই ব্রাহ্মণকে, এই সুদারুণ অতি ভয়ানক চন্দ্রের পাপ আশ্রয় লউক। যে ব্যক্তি নিজ পত্নীকে বঞ্চনা করিয়া পরস্ত্রীতে গমন করে, সেই পাপীষ্ঠ—চন্দ্রপাপে লিপ্ত হইয়া ঘোর নরকে গমন করুক। যে দুশ্চরিত্রা দুর্ম্মুখা নারী, পতির প্রতি বাক্তাড়না করে, সে চন্দ্রপাপে-পাপিনী এক যুগ পরিমিতকাল সুভীষণ লালামুখ নামক নরকে নিশ্চিত অবস্থান করুক। যে ব্রাহ্মণ হরির অনিবেদিত বৃথান্ন

ভৈরব—ওড়ব, রি প বর্জ্জিত, ধৈবতাদি মূর্চ্ছনা, আরম্ভ ও সমাপ্তি স্বর ধ, অন্তে ম, বিকৃত ধ। উদাহরণ (ধ নি স গ ম ধ) প্রমাণ—

ধৈবতাংশ গ্রহন্যাসো রিপহীনোহৎবাস্তুপঃ।
ভৈরবঃ স তু বিজ্ঞেয়ো ধৈবতাদিক মূর্চ্ছনা।
ধৈবতো বিকৃতো যত্র ভৈরবা পরীকির্ত্তিতঃ॥

ইহার উদাহরণস্থলে এইরূপ মূর্ত্তি লিখিত আছে,

"গঙ্গাধরঃ শশিকলাতিলক স্ত্রিনেত্রঃ
সর্পৈর্বিভূষিততনুর্গজকৃত্তিবাসাঃ।
ভাবত্রিশূলকর এব নৃমুণ্ডধারী
শুভ্রাম্বরো জয়তি ভৈরব রাগরাজঃ॥

হনুমন্মতেও ইহা ওড়ব রাগ। যথা—
ধৈবতাংশগ্রহ ন্যাসো রিপহীনস্তথাগতঃ।
ভৈরবঃ স তু বিজ্ঞেয়ো ধৈবতাদিক মূর্চ্ছনা।
ধৈবতো বিকৃতো যত্র ওড়বঃ পরিকীর্ত্তিতঃ॥

ভৈরবী—সম্পূর্ণ, সৌবীরী, মূর্চ্ছনা মধ্যম গ্রাম ইহার গতি, আরম্ভ ও শেষ ম। উদাহরণ—(স রি গ ম প ধ নি) প্রমাণ
সম্পূর্ণা ভৈরবীজ্ঞেয়া গ্রহাংশ ন্যাস মধ্যমা।
সৌবীরি মূর্চ্ছনা জ্ঞেয়া মধ্যম গ্রামচারিণী।

দেশী—ইহাতে পঞ্চম বর্জ্জিত, রি ত্রয় যুক্ত, বিকৃত রি, কপোললতিকা নামক মূর্চ্ছনা। এটী ষাড়ব রাগ। উদাহরণ—রি গ ম ধ নি স রি রি। প্রমাণ—
দেশী পঞ্চমনামা স্যাৎ ঋষভ ত্রয় সংযুতা।
কপোললতিকা জ্ঞেয় মূর্চ্ছনা বিকৃতর্ষভা॥

বাঙ্গালী—ওড়ব, মতান্তরে পূর্ণা। রি ধ বর্জ্জিত, গ্রহাংশ ন্যাস স্বর স, প্রথম মূর্চ্ছনা,

উঃ— স গ ম প নি স।

প্রমাণ—বাঙ্গালী ওড়বা জ্ঞেয়া গ্রহাংশ ন্যাস ষড়্জকা।
রিধহীনাচ বিজ্ঞেয়া মূর্চ্ছনা প্রথমা মতা।
পূর্ণা বা মতান্তরোপেতা কল্লিনাথেন ভাবিতা।

কল্লিনাথ মতে ইহা সম্পূর্ণ, ক্রম যুক্ত। আরম্ভ ও শেষ ম।

উদাহরণ—ম ধ নি স রি গ ম।

দেবগিরি—ইহাতে সারঙ্গীর তুল্য স্বর।
"দেবগির্য্যাং স্বরাঃ প্রোক্তাঃ সারঙ্গী সদৃশা মতাঃ।

বৈরুরী—পূর্ণ, কোন মতে ষাড়ব, ঋ বর্জ্জিত, স ঋ গ ম প ধ নি স।

tough, leathery bark একজাতীয় গুল্ম।

Leave (leeve) *n.* (A-S. *leaf*; Dan. *lov*, Icel. *leyfa.*) Farewell, adieu, a formal parting of friends [illegible]; বিদায়; liberty granted by which restraint is removed; permission; license, allowance বিদায়ের অনুমতি; আজ্ঞা; আদেশ।

Leave (leev) *v. t.* (*imp & p. p.* Left; *p. pr. & vb. n.* Leaving, Icel. *liefa.* O. Sax. *liban.* Dan. *levne.*) To part from never to return; to abandon to forsake; to desert একেকালীন ত্যাগ করা; পরিত্যাগ করা; ছাড়িয়া দেওয়া; to withdraw or depart from; to quit for a longer or shorter time পরিত্যাগ করা; ছাড়া; to suffer to remain; not to take or remove থাকিতে দেওয়া; তিষ্ঠিতে দেওয়া; বঞ্চিত না করা, to bequeath; to give by will; to have remaining at death মৃত্যুকালে রাখিয়া যাওয়া; মৃত্যুকালে দিয়া যাওয়া; চিহ্নস্বরূপ রাখিয়া যাওয়া; to commit or trust to; to intrust রাখা; দেওয়া; to cease or desist from ক্ষান্ত হওয়া; নিরস্ত হওয়া; to forbare ভুলিয়া যাওয়া; ছাড়িয়া যাওয়া।

SYN.—Allow; abandon; bequeath; commit; depart; desist; forbare; forsake; give; intrust; permit; quit; relinquish.

Leave-off ad. To desist or forbare নিরস্ত হওয়া; ক্ষান্ত হওয়া; to cease wearing পরিধান না করা।

Leave out—To omit ভুলিয়া; যাওয়া।

Leave (leev) *v. i.* To desist; to cease ক্ষান্ত হওয়া; নিবৃত্ত হওয়া।

Leaved (levd) *a.* (*From* LEAF; Leaveless.) Furnished with foliage or leaves সপত্র; পত্রবিশিষ্ট; পাতাওয়ালা।

ভোজন করে, সে চন্দ্রপাপে চারি যুগ কাল-সূত্র নরকে গমন করুক। যে নরাধম, অম্বুবাচী দিবসে মৃত্তিকা খনন করে, সে চন্দ্রপাপে শতযুগ—কাল-সূত্র নরকে গমন করুক। যে নারী স্বপতিকে বঞ্চনা করিয়া পরপুরুষে গমন করে সে, চন্দ্রপাপে চারিযুগ বহ্নিকুণ্ড নরকে গমন করুক। যে ব্যক্তি রজগুণাধিক্যবশত, পরকীর্ত্তিবিলোপ করিয়া নিজ কীর্ত্তি খ্যাপন করে, সে সোমপাপে, একযুগ কুম্ভীপাকে গমন করুক। যে পাপী, নিজ পিতা, মাতা, ভার্য্যা ও গুরুকে পালন না করে, সে নিশ্চয়ই সোমপাপে চণ্ডালত্ব প্রাপ্ত হউক। যে বেশ্যা, পতিপুত্রবিহীনা তথা ঋতুস্নাতার অন্ন ভোজন করে, সোমপাপ সেই পাপীকে নিশ্চিত আশ্রয় করুক। সেই পাতকী সেই পাপে, চারিযুগ কুম্ভীপাকে গমন করুক ও তাহা হইতে উত্তীর্ণ হইয়া চণ্ডালযোনি প্রাপ্ত হউক। যে মহাপাপী, দিবসে মৈথুন করে, অথবা কামী হইয়া স্বেচ্ছায় গর্ভিণী বা রজঃস্বলা নারীতে গমন করে, এই মহাঘোর সোমপাপ তাহাতে গমন করুক। সেই পাপ, সে

মতান্তরে—স গ ম প ধ নি স। প্রমাণ
ষড়্জগ্রহাংশক স্থাসা পূর্ণা সৈন্ধবিকা মতা।
মূর্চ্ছনোত্তরমন্দ্রা স্যাৎ কৈশ্চিৎ ষাড়বিকা মতা॥

রামকিরী—সম্পূর্ণ, ১ প্রহর মধ্যে গেয়, আরম্ভ ও সমাপ্তি স্বর স প্রথম মূর্চ্ছনা। উদাহরণ—স রি গ ম প ধ নি স। প্রমাণ—
প্রহরাভ্যন্তরে গেয়া ষড়্জন্যাস গ্রহাংশকা।
প্রথমা মূর্চ্ছনা জ্ঞেয়া তজ্জ্ঞৈ রামকিরী মতা

গুর্জ্জরী—সম্পূর্ণা, আরম্ভাদি ঋ সপ্তমী মূর্চ্ছনা, বহুলীর সহিত মিশ্রিত। উদাহরণ—ঋ গ ম প ধ নি স ঋ। প্রমাণ—
গ্রহাংশন্যাস ঋষভা সম্পূর্ণ গুর্জ্জরী মতা।
সপ্তমী মূর্চ্ছনা তস্যাং বহুল্যাসহ মিশ্রিতা॥

গুণকিরী—ওড়ব, ঋ ধ বর্জ্জিত, আরম্ভাদি নি, কোন মতে স, ইহা ভৈরবের আশ্রিত। উদাহরণ—নি স গ ম প নি, মতান্তরে স গ ম প নি স। প্রমাণ—
রিধহীনা গুণকিরী ঔড়বা পরিকীর্ত্তিতা।
নিগ্রহাংশা তু নিন্যাসা কৈশ্চিৎষড়্জত্রয়া মতা।

পঞ্চম—ইহা ষাড়ব, প বর্জ্জিত, প্রথম মূর্চ্ছনা, আরম্ভাদি স, মতান্তরে পূর্ণ। ইহা শৃঙ্গার রসের উদ্দেজক। উদাহরণ—গ ঋ গ ম প ধ নি স। মতান্তরে স ঋ গ ম প ধ নি স। প্রমাণ—
রামপঞ্চমকো জ্ঞেয়ঃ প-হীনঃ ষাড়বো মতঃ।
প্রথমা মূর্চ্ছনা যস্য স-ত্রয়েণ বিভূষিতঃ।
কেচিদ্বদন্তি সম্পূর্ণং শৃঙ্গাররসপূর্ব্বকম্॥

বিভাষ—ইহা ললিতার ন্যায়, উদাহরণ—স গ ম ধ নি স। প্রমাণ—
ললিতাবদ্বিভাষা তু বেবা গুর্জ্জরিবৎ সদা।

ভূপালী—সম্পূর্ণ, মতান্তরে ওড়ব, ঋ প বর্জ্জিত, শান্তিরসের উদ্দেজক, প্রথমা মূর্চ্ছনা, আরম্ভ শেষ স্বর স। উদাহরণ—স ঋ গ ম প ধ নি স। মতান্তরে গ গ ম ধ নি স। প্রমাণ—
গ্রহাংশন্যাস ষড়্জা সা ভূপালী কথিতা বুধৈঃ
প্রথমা মূর্চ্ছনা জ্ঞেয়া সম্পূর্ণা রসশান্তিকে।
রিপহীনৌড়বা কৈশ্চিদিয়মেব প্রকীর্ত্তিতা।

কর্ণাটী—সম্পূর্ণ, ইহাতে বিকৃত নি, মার্গ নামক মূর্চ্ছনা, আরম্ভ ও শেষ স্বর নি। উদাহরণ—নি স ঋ গ ম প ধ নি নি। প্রমাণ—
নিষাদত্রয়সংযুক্তা বিকৃতোহস্যা নিষাদকঃ।
মার্গাখ্যা মূর্চ্ছনা প্রোক্তা কর্ণাটী চ সুখপ্রদা

Leaven (levn) *n.* (Fr. *levain.*) Any substance that produces or is designed to produce fermentation as in dough; a mass of sour dough which mixed with a larger quantity of dough, produces fermentation in it, and render it light bran; yeast খামির্‌ যে কোন দ্রব্যদ্বারা সমুদয় দ্রব্য বিকৃত হয়; কোন দ্রব্যকে বিকৃত করিয়া লঘু করিবার জন্য তাহার সহিত মিশ্রিত খামির।

Leaven (leven) *v. t.* (*imp & p. p.* Leavened; *p. pr. & vb. n.* Leavening; *a.* Leavenous.) To raise and make light, to excite fermentation in বিকৃত করা; to taint; to embue রসান করা।

Leaver (leav-er) *n.* One who forsakes; one who leaves or relinquishes ত্যাগকর্ত্তা।

Leaves (leevz) *n.* (*pl.* of Leaf.) (*Arch.*) Ornaments of craved work, resembling the leaf of certain plant or tree শিল্পকার্য্যবিশেষ।

Leaviness (leev-i-ness) *n.* State of being full of leaves পত্রময়ত্ব; সপত্রতা।

Leavings (leav-ings) *n.* (*pl.*) Remnants; relics; things left শেষে থাকে যাহা; অবশিষ্ট; refuse; offal উচ্ছিষ্ট; এঁটো; ঝুটা।

Leavy (leev-y) *a.* (from *leaf.*) Leafy; covered with leaves; full of leaves পত্রপূর্ণ; পাতাওয়ালা।

Leban (leban) *n.* A common beverage among the Arabs; sour milk diluted with water জলমিশ্রিত টক্ দুগ্ধ; তক্র; ঘোল।

Lecher (lech-er) *n.* (O. F. *lecherre, lechcor* aglutton libertine; N. Fr. *lecher* to lick; L. Lat. *lecator* gluttonous.) One addicted in an excessive degree to the in-

চারিযুগ কালসূত্র নরকে গমন করুক। যে ব্যক্তি কামপীড়িত হইয়া ইচ্ছাপূর্ব্বক পরস্ত্রীর মুখ নিতম্ব ও স্তন দেখে, সে চন্দ্রপাপে চারিযুগ লালাভক্ষ নরকে গমন করুক; তাহা উত্তীর্ণ হইয়া, অন্ধ, ও ক্লীব চণ্ডাল হউক। যে ব্যক্তি অমাবস্যা, পূর্ণিমা, সংক্রান্তি, চতুর্দ্দশী, অষ্টমী ও রবিবার দিবসে মাস, মসুর বা লকুচ ভোজন করে, অথবা মৈথুন করে, চন্দ্রপাপ তাহাকে আশ্রয় করুক; ও সেই পাপে চারিযুগ কালসূত্র নরকে গমন করুক। সেই পাপী তাহা হইতে উত্তীর্ণ হইয়া চণ্ডালযোনি প্রাপ্ত হউক ও সপ্তজন্ম মহারোগী, দরিদ্র ও কুষ্ঠী হউক। যে মহাপাপী একাদশী কৃষ্ণ-জন্মাষ্টমী ও শিবরাত্রি-দিনে ভোজন করে, চন্দ্রপাপ তাহাতে গমন করুক। চতুর্দ্দশ দেবরাজের স্থিতিকাল পর্য্যন্ত সে কুম্ভীপাকে গমন করুক। সেই পাপে চণ্ডালযোনি প্রাপ্ত হউক। যে ব্রাহ্মণ, তাম্রপাত্রস্থ দুগ্ধ, মধু ও উচ্ছিষ্টপাত্রে ঘৃত, কাংস্যপাত্রে নারিকেল জল, লবণযুক্ত দুগ্ধ, পীতাবশিষ্ট জল, ভোজনাবশিষ্ট অন্ন প্রভৃতি নিষিদ্ধ দ্রব্য ও দিন

ষড়হংসিকা—ইহাতে কর্ণাটীকার ন্যায় স্বর, কেবল মূর্চ্ছনা ভিন্ন। উদাহরণ—নি স ঋ গ ম প ধ নি নি। প্রমাণ—
কর্ণাটীকাস্বরা জ্ঞেয়া ষড়হংসা স্বরা বুধৈঃ।

মালবী—ওড়ব, নিষাদে আরম্ভ ও শেষ, রজনী মূর্চ্ছনা, রি প বর্জ্জিত। উদাহরণ—নি স গ ম ধ নি নি। প্রমাণ—
ঔড়বা মালবী প্রোক্তা নিষাদত্রযসংযুতা।
রজনী মূর্চ্ছনা জ্ঞেয়া রিপহীনা চ সর্ব্বদা।

পটমঞ্জরী—সম্পূর্ণ, গ্রহ অংশ ও ন্যাস স্বর পঞ্চম হৃষ্টকা নামক মূর্চ্ছনা, ইহা রসিকদিগের প্রিয়। উদাহরণ—প ধ নি স ঋ গ ম প। প্রমাণ—
পঞ্চমাংশ গ্রহন্যাসা সম্পূর্ণা পটমঞ্জরী।
মূর্চ্ছনা হৃষ্টকা জ্ঞেয়া রসিকৈঃ প্রার্থিতা সদা॥

এতদ্ভিন্ন মেঘ, মল্লারী, গৌরাটী, সাবেরী, বা সৌবেরী, কৌশিকী, গান্ধারী, হরশৃঙ্গার, এই কয়েকটী রাগ পর পর লিখিত আছে। তৎপরে নট্টনারায়ণ, কামোদী, কল্যাণী, আভিরী, নাটিকা, সারঙ্গ, হাম্বীরা, এই কয়টী নির্দ্দিষ্ট আছে। এ সমস্তই প্রাচীন রাগ রাগিণী।

নারদসংহিতা। নিম্নোক্ত রাগরাগিণীর নাম পাওয়া যায় যথা—
"মালবশ্চৈব মল্লারঃ শ্রীরাগশ্চ বসন্তকঃ।
হিন্দোলশ্চাথ কর্ণাট এতে রাগাঃ প্রকীর্ত্তিতাঃ॥"

মালব, মল্লার, শ্রীরাগ বসন্ত, হিন্দোল, কর্ণাট এই ছয় রাগ। ইহাদের ভার্য্যা যথা—ধনশ্রী, মালশ্রী রামকিরী, সিন্ধুড়া, আশাবরী, ও ভৈরবী।—মালব ভার্য্যা। বেলাবলী, পূরবী, কানড়, মাধবী, গোড়া, ও কেদারিকা,—মল্লারের স্ত্রী। গান্ধারী, সুভগা, গৌরী, কৌমারী, বেলুয়ী, বৈরাগী,—শ্রীরাগের ভার্য্যা। তুড়া, পঞ্চমী, ললিতা, পটমঞ্জরী, গুর্জ্জরী, বিভাষা, ইহারা বসন্ত রাগের প্রিয়া। মালবী দীপিকা, দেশকারী, পাহাড়ী, বরাড়ী, মারহাটী—হিন্দোলের ভার্য্যা। নাটিকা, ভূপালী, রামকেলী, গড়া, কামোদী ও কল্যাণী,—কর্ণাটের ভার্য্যা।

কল্লিনাথ, রাগরাগিণীর অনেক প্রভেদ দেখাইয়াছেন যথা—ভৈরব, কৌশিক, হিন্দোল দীপক, শ্রীরাগ, মেঘরাগ, এই ছয় প্রধান রাগ যথা—

dulgence of sexual desire; a man given to lewdness or debauchery লম্পট; লোচ্চা।

Lecher (lech-er) *v. i.* (*imp & p p.* Lechered; *p. pr. & vb n.* Lechering; *a.* Lecherous; *ad.* Lecherously; *n* Lecherness; Lechery.) To indulge lust; to practice lewdness লম্পট হওয়া; কামাতুর হওয়া; খানকীবাজ হওয়া; অত্যধিক ইন্দ্রিয়াসক্ত হওয়া।

Lection (le-c-tion) *n.* (*a.* Lector; Lat. *lectio.* Fr. *lecon*. It. *lezione.*) A reading, a difference or variety in copies of a manuscript of book পাঠ; পঠন, নানাপ্রকার নকল বা আদর্শ লিখন, a portion of scripture read in devine service ধর্ম্মপুস্তকের যে অংশ উপাসনা বা অর্চ্চনার সময় পাঠ করা হয়।

Lectionary (le-c-tion-a-ry) *n* (Lat. *lectionarium*; Fr. *leccionario.*) A Roman Catholic service-book, containing a portion of scripture, or lecture ধর্ম্মপুস্তকের অংশবিশেষ।

Lecture (lekt-yur) *n.* (Lat. *lectura* from *lectum* to read; Fr. *lecture.*) The act or practice of reading, a reading পড়া; পাঠ, a formal or methodical discourse on any subject, intended for instruction উপদেশদানহেতু কথোপকথন, a rehearsal of a lesson পাঠাভ্যাস; a magisterial reprimand শাসনগর্ব্বিত বাক্য।

Lecture (lekt-yur) *v. t.* (*imp & p. p.* Lectured; *p. pr. & vb. n.* Lecturing; *v. i.* Lecture; *n.* Lecturer; Lectureship.) To instruct authoritatively ধমকাইয়া বা অহঙ্কারের সহিত শিক্ষা দেওয়া; to instruct by discourse কথোপকথনচ্ছলে শিক্ষা দেওয়া।

Ledcaptain (led-cap-tain) *n.* (From *led* and *captain.*) A obsequious

বা রাত্রির মধ্যে অন্ন একাধিকবার ভোজন করে; এই ভয়ানক দুর্নিবার সোমপাপ তাহাতে গমন করুক; সে সেই পাপে, চারিযুগ অন্ধকূপ নরকে গমন করুক। যে বিপ্র নিজ-কন্যা-বিক্রয়ী, দেবল, বৃষবাহক, শূদ্রের শবদাহী বা তাহাদিগের পাচক, অশ্বত্থবৃক্ষচ্ছেদী, শ্রীবিষ্ণুরনিন্দক, সেই পাপীকে এই দারুণ সোমপাপ দৃঢ়তররূপে আশ্রয় করুক। সেই পাতকী সেই পাপে তপ্তশূর্ম্মী নরকে গমন করিয়া চতুর্দ্দশ পুরন্দরের স্থিতিকাল পর্য্যন্ত নিয়ত দগ্ধ হউক। ঐ পাপী তাহা হইতে উত্তীর্ণ হইয়া চণ্ডালযোনি প্রাপ্ত হউক। সে সপ্তজন্ম চণ্ডাল, পঞ্চজন্ম বৃক্ষ, শতজন্ম গর্দ্দভ, শতজন্ম শূকর, সপ্তজন্ম তীর্থকাক, পঞ্চজন্ম বিষ্ঠার কৃমি, শতজন্ম কিঞ্চুলুক, হইয়া পরে শুদ্ধ হউক। যে মহাপাপী বৃথামাংস, বা নিজ ভোজনার্থ পক্ক অনুৎসৃষ্ট অন্ন ভোজন করে, সোমপাপ তাহাতে গমন করুক ও ঐ পাপে সে চারিযুগ অসিপত্র নরকে গমন করুক। পরে সপ্তজন্ম সর্প হইয়া শুদ্ধ হউক। যে ব্রাহ্মণ, কুসীদজীবী, যোনিজীবী, চিকিৎসক

ভৈরবঃ কৌশিক শ্চৈব হিন্দোলো দীপকস্তথা।
শ্রীরাগো মেঘরাগশ্চ ষড়েতে পুরুষাহ্বয়াঃ ॥
ইহাদের স্ত্রীগণ—

মধ্যমাদী, ভৈরবী, বাঙ্গালী, বরাটিকা সৈন্ধবী,—ভৈরবের স্ত্রী। তোড়ী, খম্বাবতী, গৌরী, গুণক্রী, ককুভা,—কৌশিকের ভার্য্যা। বেলবলী, রামকিরী, দেশা, পটমঞ্জরী, ললিতা,—হিন্দোলের ভার্য্যা। কেদারা, কানড়া, দেশী, কামোদী, নাটিকা,—দীপকের ভার্য্যা। বাসন্তী, মালবী, মালশ্রী, ধনাশী, আশাবরী,—শ্রীরাগের স্ত্রী। মল্লারী, দেশকারী, ভূপালী গুর্জ্জরী, টঙ্গ, পঞ্চমী,—মেঘরাগের পত্নী।)

এই সকল মতভেদ থাকায় বুঝা যায় না যে, কোন ছয় রাগ এবং কোন ছয় রাগিণী প্রথমে প্রকাশ হইয়াছিল। কিন্তু শ্রীরাগটি সকল মতেই আছে। বস্তুতঃ—

"ন তালানাং ন রাগাণাং অন্তঃকুত্রাপি
বিদ্যতে।"

হনুমান্ বলিয়াছেন যে, রাগরাগিণীর ও তালের অন্ত নাই। তাঁহার পরেই বলিয়াছেন,

'ইদানীং রাগরাগিণ্যোকরা বদন্তে ॥

তথাপি সম্প্রতি রাগরাগিণীর উদাহরণ ব্যক্ত করিতেছি। হনুমান এইরূপ ভূমিকা করিয়া বহুতর রাগরাগিণীর লক্ষণ, স্বর, আকার, মূর্চ্ছনা প্রভৃতি বলিয়াছেন। এই মতে রাগরাগিণীর স্বরঘটিত অবয়বের পূর্ব্বাপেক্ষা তারতম্য আছে। অর্থাৎ পূর্ব্বে যে সকল স্বরগুলি যে পরিপাটিক্রমে বিন্যাস করা হইয়াছে, এ মতে তাহার কোন কোনটিতে ব্যতিক্রম আছে। হনুমান্ ভৈরবকেই আদি রাগ বলিয়াছেন যথা—

"শুভ্রাম্বরো জয়তি ভৈরব আদি রাগঃ।"

হনুমতে এই ভৈরব রাগ ওড়ব। এতদ্ভিন্ন আর এক ভৈরব আছে, রাগার্ণব মতে তাহাকে "শুদ্ধ ভৈরব" বলে। এই শুদ্ধ ভৈরব সম্পূর্ণ। যথা:—

'ধৈবতাংশগ্রহন্যাসযুক্তঃ স্যাৎ শুদ্ধভৈরবঃ।
সকম্প-মন্দ্র-গান্ধারো গেয়ো মধ্যাহ্নতঃপুরা।"

ইহার অংশ, গ্রহ, ও ন্যাস স্বর ধৈবত, সকম্প সুগভীর গান্ধারপ্রধান, মধ্যাহ্নের পূর্ব্বে গেয়। যদি ওড়ব জাতীয় ভৈরব রাগ একটি না থাকিত, তাহা হইলে হনু-

follower or **attendant** শ্মশানের সঙ্গী, দাস বা ভৃত্য।

Ledge (le-dge) *n.* (A-S. *liggan* to lie; D. *liggen.* Ger. *leegen.*) A ridge of rock near the surface of a sea; a shelf of rock সমুদ্রের নিকটবর্ত্তী পর্ব্বতশ্রেণী; a shelf on which articles may be laid দ্রব্যাদি রাখিবার তাক, a small moulding ক্ষুদ্র চিপি; (*Naut.*) a small piece of timber placed athwart in ships, under the deck for fasting a gate জাহাজের ডেকের নিম্নস্থিত কাষ্ঠবিশেষ, a layer or stratum থাক, স্তর, পলি।

Ledger (ledg-er) *n.* (A-S. *leger* a lying down; D. *lejer*, N. H. Ger. *lager*, Goth. *ligrs*) (*Arch.*) A large flat stone such as is frequently laid over a tomb কবরের উপরিস্থিত প্রস্তর খণ্ড, one of the pieces of timber used in forming a scaffolding, by being secured at right angle to the upright standard, in order to receive the ends of the *put logs* or *timbers* on which the planks are laid ভাঁরা কাঠের কাষ্ঠবিশেষ, a book in which a summary of accounts is laid up or preserved, the final book of record in business transaction, to which the accounts from the journal are transferred হিসাবের খাতা, খতিয়ান বহি।

Led-horse (led-horse) *n.* (from *led* and *horse.*) A sumpter horse ভারবাহী-অশ্ব।

Lee (lee) *n.* (*pl.* Lees; Fr. *lie*; Lat *levare* to lift up to raise *lys, lus.* It is chiefly used in plural.) Sediment, dregs; the coarser part of a liquor, which settle at its bottom তলানি, তরল পদার্থের নিম্নে জমিয়া থাকে যাহা;

হরিনামবিক্রেতা, বেদবিক্রয়ী, নিজধর্ম্ম-প্রকাশক, আত্ম-প্রশংসাকারী, মসীজীবী, দূত, বেশ্যাপোষা হয়, সোমের পাপ তাহাতে গমন করুক। সোম নিষ্পাপ হউক। সে ঐ পাপে দারুণ শূলপ্রোত নরকে গমন করুক। তথায় চতুর্দ্দশ ইন্দ্রের স্থিতিকাল পর্য্যন্ত শূলবিদ্ধ হউক; পরে দরিদ্র, রোগী, অদীক্ষিত নরপশু হউক। যে ব্রাহ্মণ,—লাক্ষা, মাংস, পারদ, তিল, লবণ, অশ্ব বা লৌহ বিক্রয় করে; যে, নরঘাতী, চৌর ও নটের কার্য্যকারী, তাহাতে সোমপাপ গমন করুক; সে সেই পাপে দুঃসহ, ক্ষুরধার নরকে গমন করুক; তথায় সহস্র ইন্দ্রের স্থিতিকাল পর্য্যন্ত ছিন্নদেহ হউক; তাহা হইতে উত্তীর্ণ হইয়া সপ্তজন্ম শৃগাল, সপ্তজন্ম ভল্লুক, সাতজন্ম কুক্কুর, সাতজন্ম মৎস্য, সাতজন্ম গণ্ডুক, সাতজন্ম মণ্ডুক হউক। পরে সেই নরাধম, কর্ম্মকার, রজক, তৈলকার, বর্দ্ধকী, নাবিক, শবজীবী, ব্যাধ, স্বর্ণকার, কুম্ভকার, লৌহকার হইয়া পরে ক্ষত্রিয়, তৎপরে ব্রাহ্মণ হইবে।"

এইরূপে শুক্র সোমদেবকে শুদ্ধকরিয়া তাহাকে কহিলেন,—

মানোক্ত নিম্নলিখিত ভৈরবীর লক্ষণে সঙ্গতি হইত না। যথা—

"সম্পূর্ণা ভৈরবী জ্ঞেয়া গ্রহাংশ ন্যাসমধ্যমা
সৌবেরী মূর্চ্ছনা জ্ঞেয়া মধ্যমগ্রামচারিণী।
কশ্চিদেষা ভৈরববৎ স্বরা জ্ঞেয়া বিচক্ষণৈঃ॥

ভৈরববৎ বলিয়া ধ নি স গ ম ধ ইতি ভৈরব স্বর। এতদ্ভিন্ন রাগার্ণব নামক গ্রন্থেও অনেক মতভেদ এবং অধিক রাগ রাগিণীর কথা আছে।

এখন আর কোন একটা নির্দ্দিষ্ট মতে গান দেখা যায় না। সকল ব্যক্তিই নানামত মিশ্রিত করিয়া গান করেন, এখন যেমন যে সে রাগ, যে সে রসে গীত হয় পূর্ব্বে তাহা হইত না। প্রত্যেক রাগের স্বতন্ত্র এক একটী অনুগত রস আছে। পূর্ব্বকালে যে যে রাগ যে যে রসে গীত হইত, এবং এক্ষণেও সেরূপ হওয়া উচিত তাহা বলা যাইতেছে। সঙ্গীত-নারায়ণে ব্যক্ত আছে যে নটরাগ সাং-গ্রামিক। বেধগুপ্তরাগ বীররসে গেয়।

আবার বসন্ত রাগ বসন্ত সময়ে যথা—

ন গেয়ো বসন্তরাগোঽয়ং বসন্তসময়ে বুধৈঃ।

ঐরূপ ভৈরব রাগ প্রচণ্ড রসে, বাঙ্গালী রাগিণী করুণ ও হাস্যরসে গেয় যথা—

"প্রচণ্ডরূপঃ কিল ভৈরবোঽয়ম্।"

"গেয়ঃ করুণ হাস্যয়োঃ" ইত্যাদি।

সোমরাগ বীররসে এবং মেঘোদয় সময়ে গেয় যথা—

"রসে বীরে প্রযুজ্যতে।
মেঘচ্ছায়াগমে গেয়ঃ সোমরাগো মতঃসতাম্॥"

কামোদ করুণ ও হাস্যরসে গেয় এবং ইহার কাল প্রথম প্রহরার্দ্ধে যথা—

"কামোদঃ করুণে হাস্যে যামার্দ্ধে গীয়তে সতা"

মেঘের সময়ে এবং বীররসে মেঘ রাগ গেয় যথা—

"বীরে ধাংশগ্রহন্যাসঃ—
গেয়ো ঘনাগমে মেঘরাগোঽয়ং মন্ত্রহীনকঃ।"

গৌড় অনেক প্রকার। তুরস্ক গৌড় ও দ্রাবিড় গৌড় প্রভৃতি। তন্মধ্যে দ্রাবিড় গৌড় রাত্রে এবং বীর ও শৃঙ্গার রসে গেয় যথা—

গেয়ো দ্রাবিড় গৌড়োঽয়ং বীরশৃঙ্গারয়োর্নিশি।"

তুরস্ক গৌড় ওড়ব রাগ।

গুর্জ্জরী রাত্রে এবং শৃঙ্গাররসে গেয় যথা—

(*Naut.*) a place defended from the wind, hence a calm or sheltered place জাহাজী ভাষায় যে দিক হইতে বাতাস বহে সেই দিক।

Lee (lee) *v. i.* To lie মিথ্যাকথন।

Lee-board (lee-board) *n.* A frame of plank fixed to the side of a flat-bottomed vessel to prevent it from to leeward when close-hauled জাহাজের অংশ।

Lee-lurch (lee-lurch) *n.* A sudden and violent roll of a ship to leeward in a high sea জাহাজের হঠাৎ ভয়ানক কম্পন।

Lee-shore (lee-shore) *n.* The shore toward which the wind blows যে দিক হইতে বাতাস প্রবাহিত হয়।

Lee-tide (lee-tide) *n.* The tide running in the same direction that the wind blows বাতাসের দিকে জোয়ারের বেগ; বাতাস ও জোয়ার সমদিকে বহা।

Leech (leech) *n.* (A-S. *lece* physician; O. H. Ger. *lappinou.*) A professor of the art of healing; a physician চিকিৎসক বৈদ্য, (*Zool.*) a cotyloid worm largely used for the local abstraction of blood; —it is of a flatten form when elongated জলৌকা; জোঁক; (*Naut.*) the border or edge of sail at the side পালের ধার বা কিনারা।

Leech (leech) *v. t.* (*v. i.* Leech; *n.* Leech craft.) To heal; to treat with medicine আরাম করা; চিকিৎসা করা।

Leef (leef) *a.* Fond, pleasing; kind প্রিয়; আমুদে; দয়ালু; রমণীয়; মনোজ্ঞ।

Leek (leek) *n.* (A-S. *leac*; N. H. Ger. *lanch.*) (*Bot.*) A plant of the genus *Allium* It is regarded by Welshmen as a national emblem বৃক্ষবিশেষ।

Leer (leer) *v. i.* (*imp & p. p.*

"হে মহাসাধ্বি! তুমি সোমকে পরিত্যাগ করিয়া স্বপতির নিকট গমন কর। তুমি পবিত্রহৃদয়া প্রায়শ্চিত্তব্যতীতও শুদ্ধ হইলে; অকামা নারী বলিষ্ঠ উপপতি কর্ত্তৃক আক্রান্তা হইলে দূষিতা হয় না।" দৈত্যগুরু শুক্রাচার্য্য, সহাস্যবদন সোম ও হাস্যমুখী তারাকে এই প্রকার বাক্য বলিয়া কল্যাণ-আশীর্ব্বাদ করিলেন।

এদিকে বৃহস্পতি তারার স্নানে বিলম্ব দেখিয়া তাহার অন্বেষণার্থ নিজে মন্দাকিনীতীরে শিষ্য পাঠাইলেন। যথাকালে ঐ শিষ্য মন্দাকিনীতীরে গমন করত লোকমুখে তারাহরণ-বৃত্তান্ত অবগত হইয়া রোদন করিতে করিতে গুরুসমীপে নিবেদন করিল। বৃহস্পতি, স্বীয় পত্নী সোমকর্ত্তৃক হৃতা হইয়াছে, এই বার্ত্তা শ্রবণ করত মুহূর্ত্তকাল মূর্চ্ছিত হইলেন; পরে চেতনা পাইলেন। তখন সশিষ্য বৃহস্পতি দুঃখিত হৃদয়ে উচ্চৈঃস্বরে রোদন এবং লজ্জা ও শোকবশত বারংবার বিলাপ করিতে লাগিলেন। পরে ঐ শোকার্ত্ত সুরগুরু সজলনয়নে শোকব্যাকুলিত অশ্রুপূর্ণ-নয়ন শিষ্যগণকে সম্বোধন করিয়া

"গুর্জ্জরী—রাত্রৌ গেয়া শৃঙ্গারবর্দ্ধিনী।"

তোড়িকা বা তোড়ী মধ্যাহ্ন সময়ে এবং বীর ও শৃঙ্গার রসে গেয় যথা—

"—তোড়িকা শুদ্ধ যাড়বা—
মধ্যাহ্নসময়ে গেয়া শৃঙ্গারবীরয়োঃ।"

মালবশ্রী শরৎকালের রাগ—ইহাই মালশী আখ্যায় আখ্যাতা শরৎকালেই ইহা গেয়া যথা—"মালবশ্রী শরদ্গেয়া—"

বৈন্ধবী বা পিঙ্গলা, মধ্যাহ্নের পর ও শৃঙ্গার এবং করুণ রসে গেয় যথা—
"মধ্যাহ্নোর্দ্ধতো গেয় শৃঙ্গারে করুণেহপি চ।"

দেশকেলি রাগ সকল ঋতু ও বীররসে গেয়। কৃষ্ণরত্ন বলেন এইটী উত্তম রাগের জাতি যথা—

"দে[illegible]
[illegible]"

[illegible]

যথা—

"[illegible]"

প্রথম মঞ্জরী বা [illegible] এবং শৃঙ্গার রস ও [illegible] গেয়।

যথা—

"শৃঙ্গারে চোৎসবে [illegible]
[illegible]।"

ন[illegible] রাত্রে, মঙ্গল কার্য্যে, শৃঙ্গার, হাস্য ও অদ্ভুত—[illegible] গেয়। যথা—

"[illegible]
[illegible] শৃঙ্গ[illegible] নিশি
মঙ্গলে।"

বেলাবলী শৃঙ্গার ও করুণ রসে গেয়। নারদ সংহিতায় [illegible] রাগ বলিয়া উক্ত আছে। যথা—

"শৃঙ্গারে করুণে চৈব গেয়া বেলাবলী বুধৈঃ"

গৌড়ী বীর ও শৃঙ্গাররসে গেয়। যথা—

"—গৌড়ী মালব কৌশিকা।
বীরশৃঙ্গারয়োর্গেয়া [illegible]॥"

নাট রাগ রাত্রে এবং শৃঙ্গার ও বীর রসে গেয় যথা—

"নাটো নিশি শুচৌ বীরে।"

নট্টনারায়ণ দিবাভাগে গেয় যথা—

"ধৈবতাংশগ্রহন্যাসো নট্টনারায়ণো দিবা।"

শঙ্করাভরণ বীররস এবং রাত্রে গেয়। যথা—

"বীরে নিশি নিষাদাংশঃ শঙ্করাভরণঃ সদা"

Leered ; *p. pr.* & *vb. n.* Leering. *v. t.* Leer.) To look obliquely or with sly allurement কটাক্ষ করা; আড়চক্ষে চাওয়া।

Leer (leer) *v. t.* To allure with smile, to gild with smile হাস্য-দ্বারা আকর্ষণ করা; কটাক্ষদ্বারা ভুলান।

Leer (leer) *n* (*a.* Leer, *ad* Leeringly.) An affected cast or countinance, an oblique view আড়চক্ষে চাহনি; চক্ষুঠার।

Lees *n.* See Lee.

Leese (leese) *v. t.* (A. S. *leason.*) To loose আলগা দেওয়া, ছাড়িয়া দেওয়া, to hurt আঘাত করা।

Leet (leet) *n.* (Lat. *leta.*) (Eng law) A court; a court of criminal jurisdiction within a township or maner [illegible], [illegible] আদালতের [illegible], a fish মৎস্যবিশেষ।

Leetale (leet-ale) *n.* A feast or merry making in the time of [illegible] আমোদবিশেষ।

Leeward (lee-ard) *a* (*Naut.*) Pertaining to, or in the direction of the wind বাতাভিমুখো; [illegible], বাতাস যে দিক হইতে [illegible]।

Left (left) *a.* (O. E. *lift*, *lifte* ; O. D. *lutch* L. Ger. *lutch* ; *lotch* ; *lutch.*) In the direction, or on the side of the part opposed to right of the body, as the left hand, arm or side বাম, দক্ষিণের উল্টা, [illegible], the side opposite to the right বামদিক।

Lefthanded (left-hand ed) *a* (*a.* Lefthended. *n* Lefthandedness) The hand on the left side বাম-হস্ত।

Left-handed marriage—A marriage with a woman of inferior rank, in which it is stipulated that she and her children shall

বেদানুসারী ইতিহাস-বাক্য কহিলেন;—বৎসগণ! আমি কোন্ ব্যক্তিকর্ত্তৃক অভিশপ্ত; ও তাহার কারণই বা কি; কিছুই জানিতেছি না। যে ব্যক্তি অধার্ম্মিক, সে নিশ্চিত দুঃখ পায়। যাহার গৃহে প্রিয়বাদিনী সাধ্বী ভার্য্যা নাই, তাহার বনে গমন করা কর্ত্তব্য। তাহার পক্ষে অরণ্য ও গৃহ উভয়ই তুল্য। যাহার চিন্তা-কুলা ভার্য্যা শত্রুকর্ত্তৃক অপ-হৃতা হয়, তাহার বনে গমন করা কর্ত্তব্য; তৎপক্ষে অরণ্য ও গৃহ দুই তুল্য। যাহার গৃহ হইতে প্রবীণা সুন্দরী ভার্য্যা গমন করে; তাহার বনে গমন করা উচিত, বন ও গৃহ উভয়ই তুল্য। যাহার গৃহে জননী ও চারুহাসিনী সহধর্ম্মিণী নাই, তাহার অরণ্যে গমন করা কর্ত্তব্য; বন ও গৃহ উভয়ই তুল্য। যাহার গৃহ, ধন ও বন্ধুগণে পূর্ণ হইয়াও প্রিয়-বিহীন, তাহার অরণ্যে গমন করা কর্ত্তব্য; বন ও গৃহ তৎ-পক্ষে তুল্য। ভার্য্যাশূন্য গৃহ বনতুল্য; ভার্য্যাযুক্ত গৃহই গৃহ; কেননা গৃহিণীকেই গৃহ কহে, গৃহকে গৃহ কহে না। স্ত্রীবিহীন ব্যক্তি দৈব ও পৈত্র কর্ম্মে

ষট্ স্বরের কতকগুলি রাগ হরিনায়কের সম্মত ছিল তাহা এই—

গৌড়, কর্ণাট, দেশী, ধন্নাসিকা, কোলাহলা, বল্লারী, দেশাখ্যা, সৌবীরী, সুস্থাবতী, হর্ষপুরী, মল্লারী তঞ্জিকা, "ইত্যাদ্যাঃ ষট্ স্বরা রাগাঃ হরিনায়কসম্মতাঃ।"

গৌড়—বীর ও শৃঙ্গার রস ও দিনান্ত সময়ে গেয়। যথা—

"—গৌড়ঃ স্যাৎ পঞ্চমোজ্ঝিতঃ।
বীরশৃঙ্গারয়োর্গেয়ো দিনান্তে বিবর্জিতঃ॥"

দেশী প্রথম প্রহরের মধ্যে এবং শান্ত ও করুণ রসে গেয় যথা—

"দেশগান্ধারা দেশী।
প্রহরাভ্যন্তরে গেয়া শান্তে চ করুণে রসে॥"

ধন্নাসিকা, বীর ও শৃঙ্গার রস এবং সকল সময়ে গেয় যথা—

"এষা ধন্নাসিকা জ্ঞেয়া।
রসে বীরে চ শৃঙ্গারে গাতব্যা সর্বদা বুধৈঃ॥"

বল্লারী প্রথম প্রহরের পর শৃঙ্গার রসে গেয়। যথা—

"বরাট্যাপাঙ্গা বল্লারী—
শৃঙ্গারাখ্যে রসে গেয়া হরিনায়কসম্মতা।"

গৌড় আরও ২ প্রকার আছে। কর্ণাট গৌড় ও মালব গৌড়। মালব গৌড় বীর রসে গেয় যথা—"বীরে মালবগৌড়কঃ।"

সঙ্গীতদর্পণের মতে মল্লার রাগ মেঘাগম এবং শৃঙ্গার রসে গেয় যথা—

"মল্লারঃ স-প-হীনোঽয়ং।
শৃঙ্গারে চ রসে গেয়ঃ পয়োদাগমনে বুধৈঃ।"

কেদারী সায়ংকালে এবং বীর ও শৃঙ্গার রসে গেয়। যথা—

"রসে বীরে চ শৃঙ্গারে গেয়া সায়মিহ বুধৈঃ।"

ইহাকে কোন কোন গ্রন্থে দেশকারী ও দেশপালী বলা হইয়াছে।

মালব অপরাহ্নে, রৌদ্রে ও বীর, এবং শৃঙ্গার রসে গেয়। যথা—

"——মালবোঽপি রি-পোজ্ঝিতঃ—
বীরশৃঙ্গারয়োর্গেয়ো দিনান্তে নিশি বা বুধৈঃ।"

হিন্দোল—সকল কালে এবং বীর ও শৃঙ্গাররসে গেয়। যথা—

"হিন্দোলো রি-প-বর্জ্জিতঃ বীরশৃঙ্গারয়োঃ সদা"

ভৈরব—মঙ্গল কার্য্যে গেয় ও মধ্যাহ্নের পূর্ব্বে গেয়। প্রমাণ পূর্ব্বে বলা গিয়াছে।

not enjoy the rank, or inherit the possession of her husband অসবর্ণ বিবাহ; নীচজাতীয় স্ত্রীলোকের সহিত বিবাহ।

Left-off (left-off) *a.* That which is left aside একপার্শ্বে রক্ষিত।

Leftward (left-ward) *ad.* Toward the left বামে।

Leg (leg) *n.* (Dan. *lay* , Sw. *lagg.* Icel. *leggr.*) The limb of an animal, for supporting the body, and in walking and running, especially, that part of the limb from the knee to the foot পা; ঠ্যাঙ, পায়ের নলা; হাটু হইতে পাদদেশ পর্য্যন্ত শরীরের অংশ. any long and slender support on which any object rest পায়া; খোঁটা; side as in sides of a triangle বাহু।

Leg (leg) *v. t* To strike in the leg ক্রিকেটে পদ দিয়ে লাগা।

Legacy (leg-a cy) *n.* (Lat. *legatum* It. *legato* , N. Fr. *leye.*) A gift by will, of personal property; a bequest মৃত্যুকালীন দান, উইল করিয়া দান, a business with which one is intrusted by another কোন ব্যক্তিকে কোন কর্ম্মের ভার দেওয়া।

Legacy hunter (leg-a cy-hunt-er) *n* One who flatters and courts for legacies মরণকালে কিছু পাইবার জন্য তোষামোদকারী জন।

Legal (le gal) *a.* (Lat. *legalis* : Fr. *legal* Sp. *legal* It. *legale*) Lawfull ; permitted by law, according to or relating to law বিধিবৎ, আইনানুযায়িক, ন্যায়সম্মত; ন্যায্য in accordance with the law of Moses আইন বা শাস্ত্রসম্মত।

SYN—Authorized ; constitutional ; lawful , legitimate , licit.

Legalism (le-gal ism) *n.* (*a. le-*

অপবিত্র; সে ঐ কর্ম্ম করিতে তাহার ফলভাগী হয় না যেমন দাহিকা-শক্তি-বিহীন অগ্নি, প্রভাহীন সূর্য্য, শোভাহীন সোম বলহীন জন্তু কর্ম্মে অযোগ্য; শরীরব্যতীত আত্মা আধারব্যতীত আধেয়, প্রকৃতি ব্যতীত ঈশ্বর ও প্রধান সামগ্রী ফলদায়িনী দক্ষিণাব্যতীত যজ্ঞ যেমন কর্ম্মের ফলদানে অশক্ত ও যেরূপ স্বর্ণকার স্বর্ণব্যতীত স্বকার্য্যসাধনে অসক্ষম,—হে প্রিয় শিষ্যগণ! কুম্ভকার যেমন মৃত্তিকা ব্যতীত স্বকার্য্যসাধনে অসমর্থ; সেইরূপ গৃহস্থ ভার্য্যাব্যতীত সর্ব্বদা সকল কার্য্যে অনধিকারী। সকল কার্য্যেই মূল ভার্য্যা সেরূপ গৃহেরও মূল ভার্য্যা। গৃহীদিগের গৃহে সর্ব্বদা সকল সুখ, নিয়ত আনন্দ ও মঙ্গলের মূল ভার্য্যা। সংসার ও সৌরভের ভার্য্যাই মূল। রথীদিগের রথের মত গৃহীদিগের ভার্য্যাই মূল। সকল রত্নের প্রধান স্ত্রীরত্ন, অধম কুল হইতেও গৃহস্থ গ্রহণ করিবে; ইহা পদ্মযোনি কহিয়াছেন। যেমন পদ্মভিন্ন জলের শোভা ও জলভিন্ন পদ্মের শ্রী হয় না; সেইমত গৃহিগণের গৃহিণী ব্যতীত কিছুমাত্র গৃহে সুখ নাই

ললিতা—রাত্রিশেষে, দিনের প্রথম ভাগে ও বীর, এবং শৃঙ্গাররসে গেয়।

"——ললিতা ললিতস্বরা।
শৃঙ্গারবীরযোর্গেয়া নিশান্তে চ দিনাদিকে॥"

ছায়াতোড়ী—দিবায় (তোড়ীর ন্যায়")

গান্ধার—সকল কালে ও করুণরসে গেয়।

"করুণে সদৈব"

বিভাসড়া—মঙ্গল বিষয়ে ও অর্দ্ধরাত্রে গেয়। যথা—

"গেয়ো বিভাসড়া নৈয়ঃ নিশীথে মঙ্গলার্থিভিঃ"

গৌড় সারঙ্গী—মধ্যাহ্নের পরে বীর ও শান্তিরসে গেয়। যথা—

"——গৌড়সারঙ্গ প্রিয়া।
সম্পূর্ণা গৌড়সারঙ্গী গেয়া মধ্যাহ্নতঃ পরম্।"

শ্যাম—প্রয়োজনকালে গেয়। যথা—

"সম্পূর্ণঃ শ্যামনামা স্যাৎ—
প্রদোষো গান যোগ্যান্যো নিশীথো গান-কোটিদৈঃ।"

শঙ্করা—অপরাহ্নের পর হাস্যরসে গেয় যথা—

"——শঙ্করাভিধা।
নোয়ান্ত পরং গেয়া রসে হাস্যা প্রযুজ্যতে।

বসন্তশ্রী রাত্রিতে শৃঙ্গার ও করুণ রসে। যথা—

"বসন্তশ্রীশ্চ সম্পূর্ণা।
তস্মিন্যাং গেয়া তস্যা শৃঙ্গার করুণে রসে॥"

সঙ্গীতদর্পণের মতানুসারে যে যে রাগ যে সময়ে গেয় তাহা দশা যাইতেছে। মধুমাধবী, দেশী, ভূপালী, ভৈরবী, বেলাবলী, মল্লারী, বল্লারী, সামগুর্জ্জরী, ধনাশ্রী, মালবশ্রী, মেঘরাগ, পঞ্চম, দেশকার, ভৈরব, ললিতা, বসন্ত এই সকল রাগ নিত্য প্রাতঃকালে গেয়। যথা—

"মধুমাধবী চ দেশাখ্যা ভূপালী ভৈরবীতথা।
বেলাবলীচ মল্লারী বল্লারী সামগুর্জ্জরী।
ধনাশ্রীর্মালবশ্রীশ্চ মেঘরাগশ্চ পঞ্চমঃ।
দেশকারী ভৈরবশ্চ ললিতা চ বসন্তকঃ।
এতে রাগা প্রগীয়ন্তে প্রাতরারভ্যনিত্যশঃ।"

গুর্জ্জরী, কৌশিক, সাবেরী, পটমঞ্জরী, রেবা, গুণকিরী, ভৈরবী, রামকিরী, সৌরাটী, এইগুলি প্রথম প্রহরের পর গেয়। যথা—

"গুজ্জরী কৌশিকশ্চৈব সাবেরী পটমঞ্জরী।
রেবা গুণকিরী চৈব ভৈরবী রামকির্য্যপি।
সৌরাটী চ তথা গেয়া প্রথম প্রহরোত্তরম্।"

galest.) Strictness in adhearing to law ব্যবস্থানুযায়িত্ব।

Legality (le-gal i-ty) *n.* (*n.* Legalization.) Conformity to law, the state of being legal বিধিসিদ্ধিত্ব; শাস্ত্রসম্মতত্ব।

Legalize (le-gal i-ze) *v. t.* (*imp* & *p. p.* Legalized, *p. pr.* & *vb n.* Legalizing; *ad.* Legally.) To make lawfull আইন সম্মত করা।

Legatary (leg-a-ta ry) *n.* (Fr. *legataire* Lat. *legatarius* enjoyed by a last will) One to whom a legacy is bequeathed, a legatic মুমূর্ষু দানাধিকারী, মৃত্যুকালে কেহ দান করিয়া গিয়াছে যাহাকে।

